গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৩.২৪-৭৮৮

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১
১২ জুন ২০২৪

বিষয়: পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: (১) প্রধানমন্ত্রীর কার্যালয় এর স্মারক নং-১৬০, তারিখ: ১২ জুন ২০২৪খ্রি.।
(২) এ বিভাগের সিটি কর্পোরেশন-১ শাখার স্মারক নং-৬৩৯, তারিখ: ১২ জুন ২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে ১১ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত পবিত্র ঈদ-উল-আযহার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, পবিত্র ঈদ-উল-আযহার প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১২/০৬/২০২৪
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র/প্রশাসক (সকল)
--------------------পৌরসভা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সহকারী সচিব, সিটি কর্পোরেশন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৭. অফিস কপি

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**স্থানীয় সরকার বিভাগ**
**সিটি কর্পোরেশন-১ শাখা**

**বিষয়ঃ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা: ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২১-১৬০, তারিখ: ১২ জুন ২০২৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে ১১ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত পবিত্র ঈদ-উল-আযহার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো।

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সভায় গৃহীত পৌরসভা/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১২.০৬.২০২৪
(মোঃ আব্দুর রাফিউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

১। উপসচিব, পৌর-১/২, উপজেলা-১/২, স্থানীয় সরকার বিভাগ
২। সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ ১/২, স্থানীয় সরকার বিভাগ

**অনুলিপি-জ্ঞাতার্থে:**
১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/নগর উন্নয়ন-২/উপজেলা/ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

ইউ. ও নোট নং ৪৬.০০.০০০০.০৭০.২৩.০০২.২০-৬৩৯ তারিখ: ১২ জুন ২০২৪ খ্রি:

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

মুজিব শতবর্ষ

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২১- ৯৬০

তারিখ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১২ জুন ২০২৪

**বিষয়: পবিত্র ঈদ-উল-আযহার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

গত ১১ জুন ২০২৪ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত পবিত্র ঈদ-উল-আযহার প্রস্তুতিমূলক সভার অনুমোদিত কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১০ (দশ) পাতা।

১২.০৬.২০২৪

(এ. কে. এম. মনিরুজ্জামান)
পরিচালক (প্রশাসন)
☎ +৮৮০-০২-৫৫০২৯৪৩৫
ই-মেইল: section.dir15@pmo.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয়/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ সেতু বিভাগ/ বস্ত্র ও পাট মন্ত্রণালয়/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ রেলপথ মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ স্থানীয় সরকার বিভাগ/ খাদ্য মন্ত্রণালয়/ স্বাস্থ্য সেবা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/ বাণিজ্য মন্ত্রণালয়/ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৫. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল সি/এ, ঢাকা
৬. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স ও এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন (বিজিএমইএ), হাউজ-৭/৭এ, সেকশন-১৭, ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা
৭. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), ১৩-১৪ তম তলা, নগর ভবন, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার (সকল)
১০. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
১১. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়
১২. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, হাইওয়ে পুলিশ/ শিল্পাঞ্চল পুলিশ, ঢাকা।
১৩. জেলা প্রশাসক (সকল)

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

## পবিত্র ঈদ-উল-আযহা ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি : | জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া<br>প্রধানমন্ত্রীর মুখ্য সচিব |
| তারিখ : | ১১ জুন ২০২৪, মঙ্গলবার |
| স্থান : | সভাকক্ষ (২য় তলা), প্রধানমন্ত্রীর কার্যালয় |
| উপস্থিতি : | পরিশিষ্ট-ক |

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা সুষ্ঠু, আনন্দময় ও উৎসবমুখর পরিবেশে উদযাপন নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে করণীয় নির্ধারণ সংক্রান্ত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। তিনি আসন্ন ঈদ উল আযহা উপলক্ষ্যে কোরবানীর পশুর সহজলভ্যতা, পরিবহন, হাট ব্যবস্থাপনা, অনলাইন মার্কেট মনিটরিং, ঈদযাত্রা, কোরবানীর বর্জ্য ব্যবস্থাপনা, চামড়া সংরক্ষণ ও ব্যবস্থাপনা, ঈদ ফিরতি যাত্রাসহ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের প্রস্তুতি, কার্যক্রম ও আন্ত:দপ্তর নিবিড় সমন্বয়ের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ঈদপূর্ব সময়ে নিত্যপণ্যের সরবরাহ, মজুদ ও মূল্য নিয়ন্ত্রনের উপর বিশেষ গুরুত্ব প্রদান করে তিনি সংশ্লিষ্ট দপ্তরসমূহকে তাদের প্রস্তুতি সম্পর্কে আলোকপাত করার অনুরোধ জানান।

০২। শুরুতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) একটি সমন্বিত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। এরপর আলোচনার উপর সিনিয়র সচিব/ সচিববৃন্দ, পুলিশ মহাপরিদর্শক, বিজিএমইএ'র প্রতিনিধি, বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধান ও প্রতিনিধিগণ স্ব-স্ব দপ্তরের প্রস্তুতি ও সমন্বয়ের বিষয়াদি সভায় বিস্তারিতভাবে তুলে ধরেন।

০৩। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**ক) কোরবানির পশুর সহজলভ্যতা, পরিবহন, হাট ও অনলাইন মার্কেট ব্যবস্থাপনা এবং নিরাপত্তা :**

**আলোচনা :** মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের তথ্যমতে এ বছর কোরবানিযোগ্য পশুর যথেষ্ট যোগান রয়েছে। উদ্বৃত্ত পরিমান কোরবানির পশুর সরবরাহ থাকায় কোন সংকট সৃষ্টি হওয়ার আশংকা নেই। বাজার ব্যবস্থাপনা সঠিকভাবে পরিচালিত হলে যৌক্তিক মূল্যে কোরবানির পশুর ক্রয়-বিক্রয় হবে বলে প্রত্যাশা করা যায়। কোনরূপ কৃত্রিম সংকট যেন তৈরি না হতে পারে সেলক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

**সিদ্ধান্ত :**

- কোরবানির পশুর সহজলভ্যতা এবং ক্রয়-বিক্রয়ে যৌক্তিক মূল্য নিশ্চিত করতে সতর্ক নজরদারি অব্যাহত রাখতে হবে। অনলাইন মার্কেটের মনিটরিং জোরদার করতে হবে।
- কোরবানির পশুবাহী যানবাহনের চলাচল সুশৃংখল ও নির্বিঘ্ন রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এলক্ষ্যে মাঠ প্রশাসনসহ আন্ত:দপ্তর সমন্বয় জোরদার করতে হবে। আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সরেজমিন তদারকি অব্যাহত রাখতে হবে।
- নির্দিষ্ট স্থানে কোরবানির পশুর হাট স্থাপন এবং যত্রতত্র হাট গড়ে ওঠার প্রবণতা রোধকল্পে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পুলিশ বিভাগের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবে।
- কোরবানির পশুর হাট ব্যবস্থাপনা যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল দপ্তর পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করবে।
- কোরবানির পশুর হাটসহ পশু পরিবহন, ক্রেতা-বিক্রেতার নিরাপত্তা এবং যেকোন ধরনের প্রতারণারোধে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী সম্ভাব্য সকল ধরনের ব্যবস্থা গ্রহণ করবে।

**খ) ঈদযাত্রা :**

<u>আলোচনা</u> : সড়কপথে ঈদযাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে সড়ক ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, জননিরাপত্তা বিভাগ, পুলিশ হেডকোয়ার্টার্স, হাইওয়ে পুলিশ, শিল্পাঞ্চল পুলিশ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং মাঠ পর্যায়ে বিভাগীয় কমিশনারবৃন্দসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহ তাদের দীর্ঘ প্রস্তুতির বিষয়টি সভায় তুলে ধরেন। পুলিশ মহাপরিদর্শক যানজটমুক্ত ঈদযাত্রা নিশ্চিত করতে হটস্পট চিহ্নিতকরণ, হটস্পটসমূহে পুলিশসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহের দায়িত্বশীল জনবলের উপস্থিতি ও প্রয়োজনীয় সমন্বয় নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি যানজটমুক্ত চলাচল নিশ্চিতের বিষয়টি মহাসড়কের পাশে কিংবা যত্রতত্র কোরবানির পশুর হাট গড়ে উঠার সাথে অনেকাংশে সম্পর্কযুক্ত বলে অভিমত ব্যক্ত করে হাট স্থাপনের অনুমতি প্রদানের ক্ষেত্রে আন্ত:দপ্তর সমন্বয়ের উপর গুরুত্বারোপ করেন। হাইওয়ে পুলিশের পক্ষ থেকে গার্মেন্টস কর্মীদের ছুটির বিষয়টি সমন্বয়ের জন্য এফবিসিসিআই ও বিজেএমইসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিভাগীয় কমিশনার, ঢাকা এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার ঘরমুখী মানুষের রাজধানী ত্যাগকালে যানজট ও ভোগান্তিরোধে গৃহীত পরিকল্পনার কথা সভায় তুলে ধরেন। সকলের পক্ষ থেকে সড়ক পথে ঈদযাত্রা নির্বিঘ্ন ও যানজটমুক্ত রাখতে হটস্পট চিহ্নিতকরণ, হটস্পটসমূহে অতিরিক্ত জনবল নিয়োগ, দুর্ঘটনায় পতিত কিংবা বিকল যানবাহন তাৎক্ষনিকভাবে অপসারণে নিবিড় সমন্বয় ও কর্মপরিকল্পনা গ্রহণ করে কার্য সম্পাদনের উপর গুরুত্বারোপ করেন।

ঈদে রেলযাত্রা, রেলের টিকিটপ্রাপ্তি এবং সিডিউল রক্ষার বিষয়ে গৃহীত পরিকল্পনা ও কার্যক্রম রেল সচিব সভায় তুলে ধরেন। সভাপতি রেলের টিকিটপ্রাপ্তিতে যেকোন ধরনের ভোগান্তি, হয়রানি, প্রতারণারোধে সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি অনলাইন প্ল্যাটফর্মে টিকিট বিক্রয়ের বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং এর ক্ষেত্রে সাইবার নিরাপত্তার বিষয়টিও গুরুত্বের সাথে নজরদারির জন্য নির্দেশনা প্রদান করেন। সিডিউল বিপর্যয় রোধে বিকল্প ট্রেন, রিলিফ ট্রেনের ব্যবস্থা রাখতে সংশ্লিষ্টদের অনুরোধ জানান; পাশাপাশি বিকল্প অতিরিক্ত বগি রাখার বিষয়টিও বিবেচনায় নিতে অনুরোধ করেন।

বর্ষা মৌসুম বিবেচনায় রেখে ঈদে ঘরমুখী ও ফিরতি মানুষের নৌযাত্রায় গৃহীত ব্যবস্থা সম্পর্কে নৌ পরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব গৃহীত প্রস্তুতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি নৌযানসমূহে অতিরিক্ত যাত্রী পরিবহন বারিত করতে কঠোর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করে নৌযানসমূহের ফিটনেস নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন। তিনি লঞ্চ, ফেরী ও নৌঘাটসমূহের নিরাপত্তা, যাত্রী-বান্ধব ঘাট ব্যবস্থাপনা এবং টিকিটপ্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিত করার জন্য সর্বদা সচেষ্ট থাকতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

ঈদে বিমানযাত্রায় সরকারি বেসরকারি বিমান পরিচালনাকারী সংস্থাসমূহ বিশেষ করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ তাদের অভ্যন্তরীণ ফ্লাইট চলাচল বৃদ্ধি করে সে বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। ঈদে বিমান ভাড়া যৌক্তিক পর্যায়ে রাখতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়।

<u>সিদ্ধান্ত</u> :

- সড়কপথে ঈদযাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে সংশ্লিষ্ট দপ্তরসমূহ নিজেদের মধ্যে আন্ত:সমন্বয়ের মাধ্যমে সকল কার্যক্রম গ্রহণ করবে।
- পুলিশ মহাপরিদর্শক যানজটমুক্ত ঈদযাত্রা নিশ্চিত করতে হটস্পট চিহ্নিতকরণ, হটস্পটসমূহে পুলিশসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহের দায়িত্বশীল জনবলের উপস্থিতি ও প্রয়োজনীয় সমন্বয় নিশ্চিত করবে।
- মহাসড়কের পাশে কিংবা যত্রতত্র কোরবানির পশুর হাট স্থাপনের অনুমতি প্রদানের ক্ষেত্রে আন্ত:দপ্তর সমন্বয়ে নিশ্চিত করতে হবে।
- এফবিসিসিআই ও বিজেএমইএ তাদের কর্মীদের একত্রে ছুটি প্রদান না করে ধাপে ধাপে ছুটি প্রদানের বিষয়টি বিবেচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

- ঈদযাত্রা নির্বিঘ্ন ও যানজটমুক্ত রাখতে হটস্পট চিহ্নিতকরণ, হটস্পটসমূহে অতিরিক্ত জনবল নিয়োগ, দুর্ঘটনায় পতিত কিংবা বিকল যানবাহন তাৎক্ষনিকভাবে অপসারণে নিবিড় সমন্বয় ও কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
- ঈদে রেলযাত্রা, রেলের টিকিটপ্রাপ্তি এবং সিডিউল রক্ষার বিষয়ে প্রয়োজনীয় পরিকল্পনা ও কার্যক্রম গ্রহণ করতে হবে। বিশেষ করে টিকিটপ্রাপ্তিতে যেকোন ধরনের ভোগান্তি, হয়রানি, প্রতারণারোধে সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- অনলাইন প্ল্যাটফর্মে টিকিট বিক্রয়ের বিষয়টি নিবিড়ভাবে মনিটরিংসহ সাইবার নিরাপত্তার বিষয়টিও গুরুত্বের সাথে নজরদারি করতে হবে।
- সিডিউল বিপর্যয় রোধে বিকল্প ট্রেন, রিলিফ ট্রেনের ব্যবস্থা এবং বিকল্প অতিরিক্ত বগি রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ঈদে ঘরমুখী ও ফিরতি মানুষের নৌযাত্রা নির্বিঘ্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- নৌযানসমূহে অতিরিক্ত যাত্রী পরিবহন বারিত করতে কঠোর পদক্ষেপ গ্রহণ করে নৌযানসমূহের ফিটনেস নিশ্চিত করতে হবে।
- লঞ্চ, ফেরী ও নৌঘাটসমূহের নিরাপত্তা, যাত্রী-বান্ধব ঘাট ব্যবস্থাপনা এবং টিকিটপ্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিত করতে হবে।
- ঈদে বিমানযাত্রায় সরকারি বেসরকারি বিমান পরিচালনাকারী সংস্থাসমূহ বিশেষ করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ তাদের অভ্যন্তরীণ ফ্লাইট চলাচল বৃদ্ধি করে যাত্রীসেবা সুনিশ্চিত করতে হবে।
- ঢাকা থেকে সৈয়দপুর, রাজশাহী, চট্টগ্রাম এবং সিলেটে বিমানের ফ্লাইট সংখ্যা বৃদ্ধি করার পাশাপাশি বড় বিমানের ব্যবস্থা করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- বিমান ভাড়া যৌক্তিক পর্যায়ে রাখার জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

**গ) নির্দিষ্ট স্থানে পশু কোরবানি ও আবর্জনা অপসারণ :**

<u>আলোচনা</u> : স্থানীয় সরকার বিভাগ হতে সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদকে নির্দিষ্ট স্থানে পশু কোরবানির বিষয়ে যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেছে সে বিষয়ে আলোচনা করা হয়। ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ সভায় সিটি কর্পোরেশনের প্রত্যক্ষ ও সরেজমিন তত্ত্বাবধানে স্বল্পতম সময়ে শতভাগ বর্জ্য অপসারণের কর্মপরিকল্পনা তুলে ধরেন। তারা জানান যে, পূর্ব থেকেই পরিকল্পনামাফিক পর্যাপ্ত পরিচ্ছন্নতাকর্মী এবং বর্জ্য পরিবহনকারী গাড়িসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের পূর্ব প্রস্তুতি রয়েছে। সভাপতি সিটি কর্পোরেশনের পরিকল্পনামাফিক গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।

<u>সিদ্ধান্ত</u> :

- স্থানীয় সরকার বিভাগ হতে সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদকে নির্দিষ্ট স্থানে পশু কোরবানির বিষয়ে যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেছে তা সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে প্রত্যক্ষ ও সরেজমিন তত্ত্বাবধানে স্বল্পতম সময়ে শতভাগ বর্জ্য অপসারণ করতে হবে এবং পূর্ব থেকেই পরিকল্পনামাফিক পর্যাপ্ত পরিচ্ছন্নতাকর্মী এবং বর্জ্য পরিবহনকারী গাড়িসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**ঘ) কোরবানির চামড়া ব্যবস্থাপনা :**

<u>আলোচনা</u> : সভাপতি কোরবানির চামড়া ব্যবস্থাপনার ক্ষেত্রে স্থানীয় প্রশাসন, ব্যবসায়ী ও সংশ্লিষ্টদের নিয়ে সভা করে চামড়ার মূল্য নির্ধারণসহ চামড়া সংরক্ষণ ও ব্যবস্থাপনার বিষয় সার্বিকভাবে বিবেচনা করে স্থানীয় বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ বিষয়ে গুরুত্ব প্রদান করেন। তিনি দেশের সকল প্রান্ত হতে ঢাকায় একত্রে সকল চামড়া প্রবেশ কর পঁচে যাওয়ার সম্ভাবনা সৃষ্টি না হয় সেজন্য ঈদ পরবর্তী ন্যূনতম ১০ দিন কোন প্রকার চামড়া ঢাকায় প্রবেশ করতে না দেয়ার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। চামড়া সংরক্ষণে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় জনসচেতনতা সৃষ্টির জন্য স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে পারে মর্মে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তর চামড়া সংরক্ষণের বিষয়ে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারণা চালানোর জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাবে মর্মে সভাপতি আহবান জানান।

<u>সিদ্ধান্ত</u> :

- স্থানীয় প্রশাসন ব্যবসায়ী ও সংশ্লিষ্টদের নিয়ে সভা করে চামড়ার মূল্য নির্ধারণসহ চামড়া সংরক্ষণ ও ব্যবস্থাপনার বিষয় সার্বিকভাবে বিবেচনা করে স্থানীয় বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।
- দেশের সকল প্রান্ত হতে ঢাকায় একত্রে সকল চামড়া প্রবেশ করে পঁচে যাওয়ার সম্ভাবনা সৃষ্টি না হয় সেজন্য ঈদ পরবর্তী ন্যূনতম ১০ দিন কোন প্রকার চামড়া ঢাকায় প্রবেশ করতে দেয়া যাবে না।
- চামড়া সংরক্ষণে স্থানীয় প্রশাসন সংশ্লিষ্ট সকলকে নিয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য কার্যকরি পদক্ষেপ গ্রহণ করবে।
- সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তর চামড়া সংরক্ষণের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাবে।

**ঙ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মজুদ ও সরবরাহ নিশ্চিতকরণ :**

<u>আলোচনা</u> : ঈদ-উল-আযহায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মজুদ ও সরবরাহ এবং মূল্য স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ ও দপ্তরসমূহের নিবিড় মনিটরিং এবং কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিশেষত, ভোজ্যতেল, আদা, রসুন, পেঁয়াজ, দারুচিনি, লবঙ্গ, এলাচ, জিরা, ডাল ও চিনির মূল্য স্থিতিশীল রাখতে স্থানীয় পর্যায়ে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি নিত্য প্রয়োজনীয় খাদ্যপণ্য সরবরাহের "সাপ্লাই চেইন" নির্বিঘ্ন রাখতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে এবং নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।

<u>সিদ্ধান্ত</u> :

- ঈদ-উল-আযহায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মজুদ ও সরবরাহ এবং মূল্য স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ ও দপ্তরসমূহের নিবিড় মনিটরিং এবং কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।
- ভোজ্যতেল, আদা, রসুন, পেঁয়াজ, দারুচিনি, লবঙ্গ, এলাচ, জিরা, ডাল ও চিনির মূল্য স্থিতিশীল রাখতে স্থানীয় পর্যায়ে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। নিত্য প্রয়োজনীয় খাদ্যপণ্য সরবরাহের "সাপ্লাই চেইন" নির্বিঘ্ন রাখতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।

চ) ঈদের জামাত ও আইন-শৃঙ্খলা :

**১. ঈদের জামাত**

আলোচনা : দেশের সকল ঈদের জামাতের নিরাপত্তা রক্ষার্থে স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থাসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সতর্ক নজরদারি রাখার আলোচনা করা হয়।

সিদ্ধান্ত :

- দেশের সকল ঈদের জামাতের নিরাপত্তা বিধানকল্পে স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থাসহ সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করবে এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ বিষয়ে সতর্ক নজরদারি করবে।

**২. ঈদযাত্রায় আইন শৃঙ্খলা**

আলোচনা : ছিনতাই, রাহাজানি, প্রতারণার মতো গণ-উপদ্রব সৃষ্টিকারী চক্রসমূহের অপকৌশলকে নস্যাৎ করার কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোকপাত করা হয়। সামাজিক ও ধর্মীয় সম্প্রীতি বজায় রাখতে কী কী উদ্যোগ গ্রহণ করা যায় সে বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলকে আলোচনায় আহবান জানান। শপিংমল, মার্কেট, বিপণিবিতানসমূহে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ ও ঈদের সময় ঢাকার বাইরে গমনকারীদের মূল্যবান গহনা টাকা-পয়সা নিরাপদে রেখে যাবার বিষয়ে গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য কী কী পদক্ষেপ নেয়া হয়েছে সে বিষয়ে আলোচনার অনুরোধ জানান। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এ বিষয়ে তাদের কর্মপরিকল্পনা সভাকে অবহিত করে। ঈদে গার্মেন্টস মালিকগণ তাদের কর্মীদের প্রাপ্য মজুরি অগ্রীম বোনাসসহ প্রদানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। যানজট এড়ানোর স্বার্থে সরকারি ছুটির সাথে গার্মেন্টস খাতের ছুটি সমন্বয় করে আগে-পরে পর্যায়ক্রমে ছুটি নির্ধারণ করার বিষয়টি নিয়ে সভায় গুরুত্ব সহকারে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত :

- ছিনতাই, রাহাজানি, প্রতারণার মতো গণ-উপদ্রব সৃষ্টিকারী চক্রসমূহের অপকৌশলকে নস্যাৎ করার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- সামাজিক ও ধর্মীয় সম্প্রীতি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
- শপিংমল, মার্কেট, বিপণিবিতানসমূহে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঈদের সময় ঢাকার বাইরে গমনকারীদের মূল্যবান গহনা টাকা-পয়সা নিরাপদে রেখে যাবার বিষয়ে গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে।
- গার্মেন্টস মালিকগণ তাদের কর্মীদের প্রাপ্য মজুরি অগ্রীম বোনাসসহ প্রদানের ব্যবস্থা নিতে হবে এবং গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা নিবেন।
- সরকারি ছুটির সাথে গার্মেন্টস খাতের ছুটি সমন্বয় করে আগে-পরে পর্যায়ক্রমে ছুটি নির্ধারণ নিশ্চিত করতে হবে।

৪। সভাপতি পবিত্র ঈদ-উল-আযহা উদযাপনকালে সাধারণ মানুষের স্বস্তি নিশ্চিত করার বিষয়টির উপর সর্বোচ্চ গুরুত্বারোপ করে ঈদে নিত্যপণ্যের মজুদ, সংরক্ষণ ও সরবরাহ ব্যবস্থাপনা (Supply Chain) নির্বিঘ্ন রাখতে ও সকল ক্ষেত্রে আইন-শৃংখলা পরিস্থিতির উপর বিশেষ নজর রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়ে এবং সকলকে ঈদের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-১২-০৬-২০২৪
(মোঃ তোফাজ্জল হোসেন মিয়া)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব